



## ডাকসু নির্বাচনে অনুমতি না নেওয়ায় এনসিপি থেকে মাহিন সরকার বহিষ্কার



সংগৃহীত ছবি

জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) জানিয়েছে, সদ্য বহিষ্কৃত যুগ্ম সদস্যসচিব মাহিন সরকার ডাকসু নির্বাচনে মনোনয়ন গ্রহণের আগে দলের অনুমতি নেননি। বিষয়টি দলীয় শৃঙ্খলা ভঙ্গ হিসেবে গণ্য করে তাকে বহিষ্কার করা হয়েছে।

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) সদ্য বহিষ্কৃত যুগ্ম সদস্যসচিব মাহিন সরকার ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনে অংশ নিতে মনোনয়নপত্র সংগ্রহ করেছিলেন। তবে দলটির দাবি, তিনি এ সিদ্ধান্ত নেওয়ার আগে দলের অনুমোদন নেননি।

মঙ্গলবার (১৯ আগস্ট) রাতে এনসিপির যুগ্ম সদস্যসচিব (দফতর) সালেহ উদ্দিন সিফাত এক বিবৃতিতে বলেন, মাহিন সরকার মনোনয়নপত্র গ্রহণের পূর্বে দলের মো. নাহিদ ইসলাম ও সদস্যসচিব আখতার হোসেনের অনুমতি চাননি। এটি দলীয় শৃঙ্খলার গুরুতর লঙ্ঘন।

এর আগে, গুরুতর শৃঙ্খলাভঙ্গের দায়ে এনসিপির আহ্বায়ক ও সদস্যসচিবের নির্দেশক্রমে মাহিন সরকারকে তার পদ ও দায়িত্ব থেকে বহিষ্কার করা হয়। নতুন নির্দেশ না আসা পর্যন্ত বহিষ্কারাদেশ বহাল থাকবে বলে জানানো হয়েছে।